




মার্চ ১১, ২০১৯

## প্রেস বিজ্ঞপ্তি

### ঢাবি বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষকে অব্যাহতি প্রদান

আজ ১১ মার্চ ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ ড. শবনম জাহানকে প্রাধ্যক্ষের দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীনকে বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের ডাকসু ও হল সংসদ নির্বাচন সংক্রান্ত অনিয়মের ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদকে আহ্বায়ক করে ৪-সদস্য বিশিষ্ট একটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়েছে।

  
১১-৩-১৯

মাহমুদ আলম  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দফতর  
ঢাকা বিশ্ববিদ্যালয়